

**প্যানেলভুক্ত সহকারী  
শিক্ষক নিয়োগে  
হাইকোর্টের রুল**

■ সময়কাল প্রতিবেদক  
ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন উপজেলায় ৩৩ জনকে প্যানেলভুক্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। ৩৩ জনের পক্ষে মো. নজরুল ইসলামের করা এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজরুল হক আকন্দের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ সুধবার শুনানি শেষে এ রুল জারি করেন। আগামী ছয় সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, মহাপরিচালক (প্রাথমিক শিক্ষা), জেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্টদের রুলের জবাব দিতে বলা হয়। আদালতে রিটকারীদের পক্ষে মামলা পরিচালনা করেন আডভোকেট জাহাঙ্গীর আহমেদ খান।